

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 17-01-2026**  
**Time : 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Nipa Virus- CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রাজ্যে এখনো পর্যন্ত নিপা ভাইরাস রোগে আক্রান্ত রোগীর সন্ধান পাওয়া যায়নি। গতকাল টাউন বড়দোয়ালী মন্ডলের এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন নিপা ভাইরাস মোকাবেলায় যাবতীয় প্রস্তুতি নিয়ে রেখেছে রাজ্য স্বাস্থ্য দপ্তর।

\*\*\*\*\*

**PM in Assam and WB :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পশ্চিমবঙ্গ ও আসাম সফর করবেন। দুদিনের সফরের প্রথম দিনে, আজ তিনি মালদা শহর রেলওয়ে স্টেশনে, হাওড়া ও গুয়াহাটীর কামাখ্যার মধ্যে ভারতের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের ভার্চুয়াল ভাবে উদ্বোধন করবেন। তিনি পশ্চিমবঙ্গের মালদায় এক অনুষ্ঠানে তিন হাজার দুইশ পঞ্চাশ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক রেল ও সড়ক পরিকাঠামো প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। প্রধানমন্ত্রী মালদহে ৪টি নতুন অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের ভার্চুয়াল ভাবে উদ্বোধন করবেন। সন্ধ্যায় তিনি আসামের গুয়াহাটীতে বোড়ো সম্প্রদায়ের সমৃদ্ধ ঐতিহ্যবাহী সাংস্কৃতিক অনুষ্ঠান বাগুরুশ্বা ধৌ ২০২৬এ অংশগ্রহণ করবেন। সফরের দ্বিতীয় দিনে, শ্রী মোদী আসামের কালিয়াবরে ৬ হাজার ৯৫০ কোটি টাকারও বেশি মূল্যের কাজিরাঙ্গা এলিভেটেড করিডোর প্রকল্পের ভূমি পূজা করবেন। এছাড়াও তিনি গুয়াহাটী ও রোহতক এবং ডিব্রুগড় ও লখনউয়ের মধ্যে দুটি নতুন অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনা করবেন। ঐদিনই প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গের হুগলির সিন্দুর সফর করবেন এবং ৮৩০ কোটি

টাকারও বেশি মূল্যের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

\*\*\*\*\*

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলার গাঙ্গাইল রোডে রামকৃষ্ণ মিশনে স্বামী বিবেকানন্দের পূর্ণাবয়ব মূর্তির আবরণ উন্মোচন করেন। আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, বেলুড মঠ রামকৃষ্ণ মঠ ও মিশনের সম্পাদক সুবীরানন্দ মহারাজ সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

**PMKSY :**

প্রধানমন্ত্রী কৃষি শিক্ষাই যোজনা প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে গতকাল উদয়পুরে গোমতী জেলা ভিত্তিক জলবিভাজিকা মহোৎসব অনুষ্ঠিত হয়। কাকড়াবন কৃষি মহাকুমার ব্যবস্থাপনায় দুধপুস্করিনী মাইক্রো ওয়াটারশেড প্রাঙ্গণে আয়োজিত এই উৎসবের উদ্বোধন করেন গোমতি জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়। মেলায় জলবিভাজিকা প্রকল্পের আওতায় বাস্তবায়িত বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড ও প্রযুক্তি প্রদর্শনের জন্য একাধিক স্টল খোলা হয়।

\*\*\*\*\*

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে জানুয়ারি, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন।

\*\*\*\*\*

## CM-Cloth Distribution :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল টাউন বড়দোয়ালী মন্ডলের অন্তর্গত ২০নং ওয়ার্ডের উদ্যোগে দশমিঘাট এলাকায় দুঃস্থদের মধ্যে শীতবস্ত্র প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ওয়ার্ড কর্পোরেটর রঞ্জা দত্ত সহ অন্যান্যরা।

\*\*\*\*\*

## Puthiba Utsav :

সাংসদ বিপ্লব কুমার দেব আগামী ১৯ জানুয়ারী অভয়নগরস্থিত পুথিবা দেবতা মন্দির প্রাঙ্গণে পাঁচ দিনব্যাপী পুথিবা লাই-হারাওবা উৎসব ও গ্রামীণ মেলার উদ্বোধন করবেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে থাকবেন মণিপুরের মহারাজা ও রাজ্যসভার সাংসদ লেইসমবা সানাচাওবা। গতকাল আয়োজক কমিটির পক্ষ থেকে এক সাংবাদিক সম্মেলনে এ খবর জানানো হয়েছে।

\*\*\*\*\*

## Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*